

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
গবেষণা শাখা
ঢাকা

নং-পম/গবেষণা/বিআইআইএসএস/(ভিজিট)-০১(অংশ-১)/২০১৬/১৯৮

তারিখঃ ২০ নভেম্বর ২০১৮

প্রেরকঃ (ফাল্গুনী বাগ্‌চী)
সহকারী সচিব (গবেষণা)

প্রাপকঃ উপ-পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BIISS)
১/৪৬ পুরাতন এলিফেন্ট রোড, ঢাকা।

বিষয়ঃ বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BIISS)-এর মহাপরিচালক মেজর জেনারেল এ কে এম আবদুর রহমান, এনডিসি, পিএসসি-এর অনুকূলে ইন্দোনেশিয়া সফরের জন্য সরকারী মঞ্জুরী জ্ঞাপন।

মহোদয়,

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ ((BIISS)-এর মহাপরিচালক মেজর জেনারেল এ কে এম আবদুর রহমান, এনডিসি, পিএসসি-এর অনুকূলে আগামী ২১-২৪ নভেম্বর ২০১৮ তারিখে ইন্দোনেশিয়ায় অনুষ্ঠিতব্য Think-Tank Summit-এ যোগদানের জন্য ইন্দোনেশিয়ায় সরকারী সফরের মঞ্জুরী জ্ঞাপন করছে।

০২। সফরের শর্তাবলী নিম্নরূপঃ

ক) উক্ত সফরকালীন সময়ে তিনি সরকারী কাজে নিয়োজিত বলে বিবেচিত হবেন এবং বিধি অনুযায়ী পূর্ণ বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন। তবে বেতন/ভাতাদির কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।

খ) তিনি ২১ নভেম্বর ২০১৮ তারিখে অথবা নিকটবর্তী সময়ে ইন্দোনেশিয়ার উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং সামিট শেষে ২৪ নভেম্বর ২০১৮ তারিখে অথবা নিকটবর্তী সময়ে দেশে প্রত্যাবর্তন করতে পারেন।

গ) বর্ণিত ভ্রমণে আমন্ত্রণকারী সংস্থা কর্তৃক আবাসন, আহার এবং পরিবহনের ব্যয়ভার বহন করা হবে। এছাড়াও বর্ণিত কর্মকর্তা ভ্রমণ সংক্রান্ত বিধি মোতাবেক প্রাপ্য বিজনেস ক্লাশের বিমান ভাড়া, বহির্গমনের জন্য নির্ধারিত হারে টার্মিনাল চার্জ এবং ট্রানজিট ভাতা ও অন্যান্য ভাতা প্রাপ্য হবেন যা BIISS-এর ২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেটের সংশ্লিষ্ট খাত হতে সংকুলান করা যেতে পারে।

ঘ) বর্ণিত কর্মকর্তা সফর শেষে দেশে প্রত্যাবর্তনের পর অনধিক দশ (১০) কার্যদিবসের মধ্যে একটি সফর সংক্রান্ত প্রতিবেদন অত্র মন্ত্রণালয়ে দাখিল করবেন এবং সফর শেষে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা বরাবর মূল ভাউচার/বিল প্রদানপূর্বক তাঁকে প্রদত্ত বিমান ভাড়া ও অন্যান্য ভাতাদির সমন্বয় সাধন করবেন।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

আপনার একান্ত,

(ফাল্গুনী বাগ্‌চী)
সহকারী সচিব (গবেষণা)
ফোন-৯৫৫৪১১৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ০১। মেজর জেনারেল এ কে এম আবদুর রহমান, এনডিসি, পিএসসি, মহাপরিচালক, বিআইআইএসএস, ঢাকা।
- ০২। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ০৩। মহাপরিচালক (কনসুলার ও কল্যাণ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। মহাপরিচালক (গবেষণা), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/গবেষণা), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, ১ম-১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুন বাগিচা, ঢাকা।
- ০৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ০৮। জেনারেল ম্যানেজার, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ০৯। সিনিয়র সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। অফিস কপি।

(ফাল্গুনী বাগ্‌চী)
সহকারী সচিব (গবেষণা)
ফোন-৯৫৫৪১১৫